যুগান্তর

JUN. 06 2002

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৫

# বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান কলেজের এমপিওভুক্তির জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা

যুগান্তর রিপোর্ট

বুধবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমানের বয়োবৃদ্ধ মা কায়সুন্নেছা তার ছেলের নামে ঝিনাইদহের মহেশপুর উপজেলার খালিশপুর গ্রামে প্রতিষ্ঠিত বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান মহাবিদ্যালয়ের একাডেমিক স্বীকৃতি এবং এমপিওভুক্তির জন্য প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে বলা হয়, এ দাবি পূরণ করা না হলে বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমানের পরিবারের সদস্য, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার এবং শহীদ পরিবারের সদস্যরা জাতীয় প্রেসক্লাবে

এমপিও : পৃষ্ঠা : ২ কলাম : ৭

## এমপিও : বীরশ্রেষ্ঠ

(৩য় পৃষ্ঠার পর)

আমরণ অনশন ধর্মঘট করতে বাধ্য হবে। সাংবাদিক সম্মেলনে অভিযোগ করে বলা হয়, বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান মহাবিদ্যালয়ের মাত্র এক কিলোমিটার দূরে শহীদ জিয়াউর রহমান মহাবিদ্যালয় স্থাপন এবং স্থানীয় এমপি শহীদুল ইসলামের ক্ষমতার দাপটে নিয়ম-কানুন ভঙ্গ করে মাত্র তিন মাসের মাথায় ছাত্রছাত্রী ছাড়াই একাডেমিক স্বীকৃতি দেয়ার ঘটনায় বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান মহাবিদ্যালয় হুমকির সম্মুখীন হয়ে পড়েছে।

সাংবাদিক সম্মেলনে অন্যদের মধ্যে বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান মহাবিদ্যালয়ের অধ্যক্ষ রফিউদ্দিন, নুরুজ্জামান বিশ্বাস, সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, বীরশ্রেষ্ঠ শহীদ নূর মোহাম্মদের ছেলে মোস্তফা কামাল ও বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমানের ভাই ফজলুর রহমান উপস্থিত ছিলেন।